



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়া।

স্মারক নং-১৩.০৪.১০০০.০০৮.০৭.০০১.২১.৪১৫৫

তারিখঃ ১৬/০৮/২০২১ খ্রি:।

বিষয়ঃ বোরো সংগ্রহ-২০২১ মৌসুমে চুক্তিকৃত সমুদয় চাল দ্রুত খাদ্য গুদামে সরবরাহকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১। খাদ্য অধিদপ্তর, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, ঢাকা'র ৩০/০৫/২০২১ খ্রি.তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৯৮ নং স্মারক,
  - ২। খাদ্য অধিদপ্তর, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, ঢাকা'র ১০/০৬/২০২১ খ্রি.তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১১২ নং স্মারক,
  - ৩। খাদ্য অধিদপ্তর, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, ঢাকা'র ০১/০৭/২০২১ খ্রি.তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১৩৮ নং স্মারক,
  - ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের ০২/০৮/২০২১ খ্রি: তারিখের ৩৫৪৬/৮ নং স্মারক,
  - ৫। খাদ্য অধিদপ্তর, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, ঢাকা'র ০৯/০৮/২০২১ খ্রি.তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১৬৪ নং স্মারক
  - ৬। খাদ্য অধিদপ্তর, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, ঢাকা'র ১০/০৮/২০২১ খ্রি.তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১৯২ নং স্মারক,
  - ৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের ১৬/০৮/২০২১ খ্রি: তারিখের ৩৭৯৩ নং স্মারক,
  - ৮। অত্র দপ্তরের ১৪/০৬/২০২১ খ্রি: তারিখের ২৯৩৭ নং স্মারক,
  - ৯। অত্র দপ্তরের ০৬/০৭/২০২১ খ্রি: তারিখের ৩৪০৪ নং স্মারক,
  - ১০। অত্র দপ্তরের ১৯/০৭/২০২১ খ্রি: তারিখের ৩৬৪৮ নং স্মারক,
  - ১১। অত্র দপ্তরের ০২/০৮/২০২১ খ্রি: তারিখের ৩৮৬৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২০২১ এর আওতায় ০৭/০৫/২০২১ খ্রিঃ তারিখ হতে চাল সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। আপনার মিলের অনুকূলে বোরো, ২০২১ মৌসুমে পাক্ষিক ছাঁটাই ক্ষমতার চেয়ে কম বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত চাল ২৩/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে পরিশোধের সময়সীমা নির্ধারণ ছিল। সুত্র-২ নং স্মারকের নির্দেশনা মোতাবেক সুত্র-৮ নং স্মারকে আপনার মিলের চুক্তিকৃত সমুদয় চাল ২১/০৬/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট খাদ্য গুদামে সরবরাহ করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হয়েছিল। অতঃপর সুত্র-৯ নং স্মারকে আপনার মিলের চুক্তিকৃত সমুদয় চাল ১৫/০৭/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট খাদ্য গুদামে সরবরাহ করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হয়েছিল ও সুত্র-১০ নং স্মারকে আপনার মিলের চুক্তিকৃত সমুদয় চাল অনতিবিলম্বে সংশ্লিষ্ট খাদ্য গুদামে সরবরাহ করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হয়েছিল এবং সুত্র-১১ নং স্মারকে আপনার মিলের চুক্তিকৃত সমুদয় চাল অনতিবিলম্বে সংশ্লিষ্ট খাদ্য গুদামে সরবরাহ করার জন্য পুনঃ পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি ১০২ দিন অতিবাহিত হলেও এখন পর্যন্ত আপনার মিলের চুক্তিকৃত সমুদয়/কোনো চাল সংশ্লিষ্ট এলএসডিতে সরবরাহ না করে অন্যত্র বাজারজাত করছেন। যা সরকারি বিধি-বিধানের পরিপন্থী। চুক্তি করে কোনো চাল সরবরাহ না করায় উর্দ্ধতন কর্তৃপক্ষ চরম অসন্তোষ প্রকাশ করেছেন।

এমতাবস্থায়, আপনার মিলের চুক্তিকৃত সমুদয় চাল বিনা ব্যর্থতায় অনতিবিলম্বে সংশ্লিষ্ট খাদ্য গুদামে সরবরাহ করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো। পাশাপাশি বিলম্বে চাল জমাদানের কারণ জানানোর জন্যও অনুরোধ করা হলো। যথসময়ে চুক্তিকৃত চাল খাদ্য গুদামে সরবরাহ না করলে চাউল সংগ্রহ ও নিয়ন্ত্রণ আদেশ, ২০০৮ এর ধারা ৮, ৯ ও ১১ মোতাবেক লাইসেন্স বাতিলসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, আপনার মালিকানাধীন চালকলের অনুকূলে চাল সংগ্রহ ও নিয়ন্ত্রণ আদেশ, ২০০৮ এর ৫ নং ধারার বিধান মতে মিলিং লাইসেন্স প্রদান করা হয়েছে। লাইসেন্সধারী চুক্তি সম্পাদনকারী মিলার কর্তৃক চুক্তিকৃত চাল সরকারি এলএসডি'তে সরবরাহ করা না হলে চাউল সংগ্রহ ও নিয়ন্ত্রণ আদেশ, ২০০৮ এর বিধান অনুযায়ী কিরূপ ব্যবস্থা গ্রহণ করা হবে তা সুত্র-৪ নং স্মারক সমূহে আপনাকে ইতোপূর্বে একাধিকবার স্মারিত করা হয়েছে।

বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

প্রাপক,

মেসার্স.....অটোমেটিক/হাফিং মিল  
.....উপজেলা, জেলা-বগুড়া।

স্মারক নং-১৩.০৪.১০০০.০০৮.০৭.০০১.২১.৪১৫৫

অনুলিপিঃ- সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে।

- ১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৬। জেলা প্রশাসক, বগুড়া।
- ৭। সহকারী খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া।
- ৮। ব্যবস্থাপক, সাজাহার সিএসডি, বগুড়া।
- ৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) ..... বগুড়া জেলা।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).....এলএসডি, বগুড়া জেলা।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক জেলা চালকল মালিক সমিতি, বগুড়া।
- ১২। সভাপতি/সাধারণ সম্পাদক (সকল) .....উপজেলা চালকল মালিক গ্রুপ/সমিতি।
- ১৩। সংরক্ষণ নথি।

এই পত্রের কপি সংশ্লিষ্ট সকল মিল মালিকের নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক মিলারদের সাথে যোগাযোগ অব্যাহত রেখে সংগ্রহের গতি ত্বরান্বিতকরণসহ প্রাতিষ্ঠানিকপত্র অত্র দপ্তরে জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

জেলা খাদ্য নিয়ন্ত্রক  
বগুড়া।

D:\Forwarding.doc